



কীটনাশকের নিরাপদ ব্যবহার

টিপস্ ও ফ্যাক্ট
সীট

কীটনাশকের ঝুঁকি

বিভিন্ন রকম রোগবালাই এর হাত থেকে ফসল রক্ষার্থে কীটনাশকের ব্যবহার যেমন প্রয়োজন তেমনি কীটনাশকের অসতর্ক ব্যবহারে মানুষ ও গৃহপালিত পশুপাখি স্বল্প মেয়াদী হতে দীর্ঘ মেয়াদী সমস্যা এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।

কীটনাশক কেন ঝুঁকিপূর্ণ ?

স্বাস্থ্যগত: কীটনাশক প্রয়োগের সময় সাধারণত নাক, মুখ, চোখ ও ত্বকের মাধ্যমে সরাসরি তা শরীরে প্রবেশ করতে পারে এবং রক্তে দ্রুত মিশে যায়, স্নায়ুতন্ত্র আক্রান্ত হয়। যার ফলে শ্বাসকষ্ট, পেটের ব্যাথা, খিচুনি, মাথাব্যাথা, চোখের সমস্যা ছাড়াও দীর্ঘমেয়াদী বিকলঙ্গতা এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে। **পরিবেশগত:** দেহে সরাসরি কীটনাশক প্রবেশ ছাড়াও কীটনাশকের অবশিষ্ট প্রভাবের ফলে অনুরূপ ঝুঁকি রয়েছে। কীটনাশকের অবশিষ্ট প্রভাবে বেশ কিছু প্রাকৃতিক সম্পদ বিশেষ করে মাটি, বায়ু ও পানিও দূষিত হয়। **আর্থিক:** প্রয়োজনের চেয়ে বেশী কীটনাশক প্রয়োগ করলে অর্থের অপচয় হবে।



কীটনাশকের ঝুঁকি

কীটনাশকের ঝুঁকি কমানোর উপায়

সতর্কতার সাথে কীটনাশকের বোতল বা প্যাকেটের লেবেল বা নির্দেশাবলী পড়ে সে অনুযায়ী ব্যবহার করলে ঝুঁকি অনেকটা কমানো যায়। লেবেল বা নির্দেশাবলীতে এটি কিভাবে ব্যবহার করতে হবে, বিষক্রিয়ার মাত্রা, ধরণ এবং সম্ভাব্য বিপদ এবং উক্ত বিপদ হতে পরিব্রাণের উপায়সমূহ থাকে।

লেবেল বা নির্দেশাবলী হতে যা জানতে হবে

১. সতর্কতামূলক সংকেত শব্দটি লক্ষ করুন, এটি বলে দেবে কীটনাশকটি কতটুকু বিষাক্ত? যেমন-Danger মানে খুবই বিষাক্ত, Warning- মানে মোটামুটি বিষাক্ত, Caution মানে কম বিষাক্ত বুঝায়।
২. লেবেলে যে সুনির্দিষ্ট রোগবালাই দমনে ব্যবহারের জন্য বলা আছে তার ব্যতিরেকে অন্য কাজে কীটনাশকটি ব্যবহার করবেন না। এটা আইন ভঙ্গ করবে।
৩. লেবেলের নির্দেশ অনুযায়ী যতটুকু পরিমাণ প্রয়োজন ততটুকুই ব্যবহার করবেন।
৪. লেবেলে নির্দেশিত পোশাক পরিধান করে কীটনাশক প্রয়োগ করুন এবং কীটনাশকটি আপনার চোখ, মুখ, অথবা চামড়ার উপর পড়লে কি করবেন তা জেনে নিন।
৫. পরিবেশ রক্ষার জন্য লেবেল হতে কীটনাশকটির প্রয়োগ, সংরক্ষণ ও অবশিষ্টাংশ ধ্বংস করার পদ্ধতি জেনে নিন।
৬. কীটনাশকটি শিশু ও গৃহপালিত পশুপাখির নাগালের বাহিরে রাখার বিষয়ে সতর্কতা আছে কি-না লক্ষ করুন।
৭. কোম্পানীর যোগাযোগের তথ্য ও রেজিস্ট্রেশন নম্বর আছে কি-না দেখে নিন।
৮. ব্যাচ সংখ্যা ও মেয়াদ উত্তীর্ণের তারিখ দেখে নিন।



কীটনাশকের লেবেল সতর্কতার সাথে পড়লে ঝুঁকি কমানো যায়



কীটনাশকের প্রয়োগের সময় লেবেলে উলে- খিত নিয়মে পোশাক পরিধান করুন

কীটনাশক পুনরায় ব্যবহারের পূর্বে আবারও ভালোভাবে নির্দেশাবলী পড়ে নিন, সবকিছু মনে আছে এরকম ভাববেন না। লেবেলবিহীন কীটনাশক ব্যবহার করবেন না এবং বোতলের লেবেল কখনো উঠাবেন না।

